



भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

RBI/2016-17/169

DCM (Plg) No.1508/10.27.00/2016-17

ডিসেম্বর 02, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
(সকল ব্যাঙ্ক যেগুলিতে কারেন্সি চেস্ট আছে)

মাননীয় মহাশয়,

ব্যাঙ্কনোটের বন্টন

অনুগ্রহ করে “রবি শস্য মরসুমের জন্য নগদ যোগান দেওয়া- ব্যাঙ্কসমূহের প্রতি নির্দেশিকা”-র উপর আমাদের **নভেম্বর 22, 2016** তারিখাঙ্কিত সারকুলার **DCM (Plg) No.1345/10.27.00/2016-17** দেখুন।

2. উপরোক্ত বিষয়টির সূত্রে তথা গ্রামীণ শাখাসমূহ, ডাকঘর এবং ডিসিসিবিগুলিতে ব্যাঙ্কনোটের বন্টন পর্যাপ্ত পরিমাণে করা হয়েছে কিনা নিশ্চিত করতে, ব্যাঙ্কসমূহকে বলা হয়েছে কারেন্সি চেস্ট থেকে নগদ অর্থ বন্টনের সহায়তার্থে/ পরিকল্পনার্থে রাজ্য স্তরীয় ব্যাঙ্কার’স কমিটি (এসবিএলসি)-র তত্ত্বাবধানের অধীনে ক্রিয়াশীল জেলা ভিত্তিক সংযোগরক্ষাকারীদের(লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার) যুক্ত করতে।

3. এমন ধারণাও দেখা দিচ্ছে যে কারেন্সি চেস্ট যুক্ত ব্যাঙ্কসমূহ তাদের নিজেদের ব্যাঙ্ক শাখাসমূহে নগদ সরবরাহ করতে অগ্রাধিকার নির্ধারণ করছে। একারণে, এইসকল কারেন্সি চেস্ট যুক্ত ব্যাঙ্কসমূহকে বলা হচ্ছে সুস্পষ্টভাবে প্রতীয়মান উদ্যোগ গ্রহণ করতে যাতে অন্য ব্যাঙ্ক এবং নিজেদের শাখাসমূহের মধ্যে অসম বন্টনের যে ধারণা চিত্রিত হয়েছে সেটি দূরীভূত হয়।

আপনার বিশ্বস্ত,

(সুমন রায়)

মহা প্রবন্ধক